



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

(ই-মেইল/হোয়াটস অ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৬/৪২০

তারিখঃ ১২ কার্তিক ১৪৩৩
২৮ অক্টোবর ২০২৬

প্রাপক:

সম্মানিত সদস্য (সকল)

বায়রা।

বিষয়ঃ ‘আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬’ ও ‘জাতীয় প্রবাসী দিবস ২০২৬’ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা ও ছবি আহবান।

সূত্র: মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫১.২৬-২১৫, তারিখ ২৬ অক্টোবর, ২০২৬ খ্রি.

মহোদয়,

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ‘আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬’ ও ‘জাতীয় প্রবাসী দিবস ২০২৬’ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা ও ছবি আহবান সংক্রান্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের কপি সদয় অবগতি ও কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ পৃষ্ঠা বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

অনুলিপিঃ (সদয় অবগতি/কার্যার্থে)

- ১। প্রশাসক, বায়রা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব, কর্মসংস্থান শাখা-০১, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড (বায়রা, ডাটাবেজ ও BISTI)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
- ৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

বায়রা সচিবালয়, ঢাকা	
সম্মানিত প্রশাসক	সচিব
.....	
ম্যানেজার/ওএস/এসও/এড/.....	
সিসেপশনিষ্ট	
ডকেট/ডায়েরী নং	২৫২২
তারিখ ও সময়	২৪/১০/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd



স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫১.২৬ - ২১৫

তারিখঃ ১০ কার্তিক, ১৪৩৩ বঃ
২৬ অক্টোবর, ২০২৬ খ্রিঃ

বিষয়: 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা ও ছবি আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আয়োজনে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬ ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬' আগামী ১৮ ডিসেম্বর ২০২৬ তারিখে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

স্মরণিকায় প্রকাশের নিমিত্ত প্রকাশনা বিষয়ক উপ-কমিটির সিদ্ধান্ত অনুযায়ী- (ক) সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান, (খ) বৈশ্বিক চ্যালেঞ্জ ও প্রবাসী বাংলাদেশি, (গ) প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যতে করণীয়, (ঘ) বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব, (ঙ) নিরাপদ অভিবাসন, (চ) অভিবাসনে সুশাসন, (ছ) অভিবাসনে বাংলাদেশের অর্জন, (জ) প্রবাস ফেরতদের পুনঃএকত্রীকরণ (Reintegration), (ঝ) প্রবাসীদের সফলতার গল্প ইত্যাদি thematic area –সহ বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে নিম্নবর্ণিত বৈশিষ্ট্য অনুযায়ী লেখা আহ্বান করা যাচ্ছে:

বিষয়	অনুসরণীয় বৈশিষ্ট্য
লেখার শব্দ সীমা	সর্বোচ্চ ১২০০ শব্দ
ফন্টের ধরণ	১) বাংলার ক্ষেত্রে Nikosh ২) ইংরেজির ক্ষেত্রে Times New Roman
ফন্ট সাইজ	১২

সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ, প্রবাসী বাংলাদেশি এবং সরকারি কর্মচারীগণ লেখকের নাম, পদবী/প্রতিষ্ঠান, ই-মেইল, মোবাইল ও WhatsApp নম্বরসহ লেখা দিতে পারবেন।

ছবির মান বজায় রেখে (৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা, বিদেশে বাংলাদেশ মিশন ও মিশনের শ্রম উইংসমূহ এবং অন্যান্য অংশীজনকে অভিবাসন সংশ্লিষ্ট সাম্প্রতিক ছবি এবং ঐতিহাসিক/দুর্লভ ছবি প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উপর্যুক্ত বৈশিষ্ট্য অনুসরণপূর্বক বাংলা অথবা ইংরেজি ভাষায় রচিত লেখা ও ছবি'র সফট কপি ই-মেইলে souvenir26.probashi@gmail.com এবং হার্ড কপি, যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর নিকট আগামী ১২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত লেখা ও ছবি 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৬' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৬' এর স্মরণিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অত্যন্ত জরুরী।

(মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল)
উপসচিব (কর্মসংস্থান-১ শাখা)

ও
সদস্য সচিব
প্রকাশনা বিষয়ক উপকমিটি

অপর পৃষ্ঠায়

প্রকাশনা বিষয়ক উপকমিটি